



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র
কুমিল্লা-৩৫০০



কৃষিই সমৃদ্ধি

Phone : 081-61606
E-Mail : rhrsinchargecomilla@gmail.com
Web : www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.২০১৯.০৫৯.৯৯.০১৩.২১. ১৪১

তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি.

সভার কার্যবিবরণী

অদ্য ২৯/০৯/২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:১৫ ঘটিকায় আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার এর সভাপতিত্বে মসজিদ কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় কেন্দ্রের জামে মসজিদের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় আলোচ্য বিষয় ও সর্বসম্মতিক্রমে গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

- ১) ড. মো. আইয়ুব হোসেন খান, এসও এবং সাধারণ সম্পাদক এর বদলীজনিত কারণে উনার পরিবর্তে ড. মো. মুক্তার হোসেন ভূঞা, এসএসও-কে অগামী ৩০/০৯/২০২২ খ্রি. তারিখে হতে সাধারণ সম্পাদক এর দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২) মহিবুর রহমান, এসও-কে মসজিদ কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৩) মসজিদে যোহর, মাগরিব ও এশার ফরজ নামাজের ১০ মিনিট আগে এসি চালানোর ও ফরজ নামাজ শেষ হওয়ার পর এসি বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৪) আগামী সপ্তাহে মসজিদের সাউন্ড সিস্টেমসহ বিভিন্ন কার্যক্রম সম্পর্কে কমিটির একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দের নাম ও পদবী :

১। ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	-সভাপতি
২। ড. মোঃ আলমগীর সিদ্দিকী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	-সহ-সভাপতি
৩। ড. মোঃ মুক্তার হোসেন ভূঞা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	-সাধারণ সম্পাদক
৪। মোঃ ইয়াকুব আলী, অফিস সহকারী	-কোষাধ্যক্ষ
৫। মহিবুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা	-সদস্য
৬। মোঃ মনির হোসেন, বৈজ্ঞানিক সহকারী	-সদস্য
৭। হাবিবুর রহমান, বৈজ্ঞানিক সহকারী	-সদস্য
৮। মোঃ তোফাজ্জল হোসেন সরকার, উচ্চমান সহকারী	-সদস্য
৯। ইকবাল হোসেন, প্রকৌশল সহকারী	-সদস্য
১০। মোঃ সেলিম মিয়া, নিয়মিত শ্রমিক	-সদস্য
১১। মোঃ হিরন মিয়া, নিয়মিত শ্রমিক	-সদস্য

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

উবায়দুল্লাহ কায়ছার
২৯/০৯/২২

ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা